

🗏 ইউনুস | Yunus | يُونُس

আয়াতঃ ১০ : ৯৫

আরবি মূল আয়াত:

وَ لَا تَكُونَنَّ مِنَ الَّذِينَ كَذَّبُوا بِأَيْتِ اللهِ فَتَكُونَ مِنَ الخُسِرِينَ ﴿٩٥﴾

🗚 অনুবাদসমূহ:

আর তুমি তাদের অন্তর্ভুক্ত হয়ো না, যারা আল্লাহর আয়াতসমূহ অস্বীকার করেছে। তাহলে তুমি ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে। — আল-বায়ান

আর তুমি কক্ষনো তাদের মধ্যে শামিল হয়ো না যারা আল্লাহর আয়াতসমূহকে মিথ্যে জেনে অমান্য করে, তাহলে তুমি ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হয়ে যাবে। — তাইসিরুল

আর ঐ সব লোকেরও অন্তর্ভুক্ত হয়োনা যারা আল্লাহর আয়াতগুলিকে মিথ্যা প্রতিপন্ন করেছে, যেন তুমি ধ্বংসপ্রাপ্তদের অন্তর্ভুক্ত না হও। — মুজিবুর রহমান

And never be of those who deny the signs of Allah and [thus] be among the losers. — Sahih International

৯৫. এবং যারা আল্লাহর আয়াতসমূহে মিথ্যারোপ করেছে আপনি কখনো তাদের অন্তর্ভুক্ত হবেন না-তাহলে আপনিও ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবেন।

তাফসীরে জাকারিয়া

- (৯৫) আর ঐসব লোকদেরও অন্তর্ভুক্ত হয়ো না, যারা আল্লাহর আয়াতগুলোকে মিথ্যা মনে করেছে, নচেৎ তুমি ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে। [1]
 - [1] এটাও প্রকৃতপক্ষে উম্মতকে সম্বোধন করে বুঝানো হচ্ছে যে, মিথ্যাজ্ঞান করার পথই হচ্ছে ক্ষতি ও ধ্বংসের পথ।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1459

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন